6

তারিখ 11 JUL 1996
পৃষ্ঠা ৬ কলাম ২

আজকের কাগজ

# ইবিতে ৯ মাসে জিয়া পরিষদের ব্যানারে ৪০ জন শিক্ষক-কর্মকর্তাকে নিয়োগ দেয়ার অভিযোগ

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ৯ মাসে 'জিয়া পরিষদের' ব্যানারে ৩২ জন শিক্ষক ও ৮ জন কর্মকর্তা নিয়োগ পেয়েছেন বলে বিশ্বস্ত সূত্রে জানা গেছে। গত ৯ মাসে চ্যান্সেলর সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার নির্দেশে এসব নিয়োগ প্রদান করা হয়েছে বলে অভিযোগে প্রকাশ। সম্প্রতি জনসংযোগ কর্মকর্তা-নিয়োগকে কেন্দ্র করে সৃষ্ট ঘটনায় এই গুরুত্বপূর্ণ তথ্য উদ্‌ঘাটিত হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ৫টি অনুষদের ১২টি বিভাগে বিভিন্ন শূন্যপদে নামমাত্র বিজ্ঞপ্তি প্রকাশ করে সাবেক সরকারের 'দালালিতে চিহ্নিত' ব্যক্তিদেরকে উপাচার্য বিশ্ববিদ্যালয়ে ধরে এনে নিয়োগ দিয়েছেন। এক্ষেত্রে যোগ্যতার বাছ-বিচার খুব একটা করা হয়নি বলে বিভিন্ন মহলের অভিযোগ। এদের মধ্যে উপাচার্যের নিকট আত্মীয়, কর্মরত শিক্ষকদের স্ত্রী বা তাদের আত্মীয় ও সুপারিশকৃত ব্যক্তিরা যারা জিয়া পরিষদের সদস্য গ্রহণে অঙ্গীকারাবদ্ধ তাদেরকে নিয়োগদান করা হয়েছে। ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি বিভাগে মৌখিক পরীক্ষা দিতে আসা জনৈক প্রার্থীর কাছ থেকে জানা গেলো তাঁর শিক্ষা জীবনে কোনো দ্বিতীয় শ্রেণী নেই। অথচ তাকে নিয়োগ না দিয়ে নিয়োগ দেয়া হয়েছে বিশ্ববিদ্যালয়ের একটি বিভাগের জনৈক সহকারি অধ্যাপকের শ্যালিকাকে; যার শিক্ষা জীবনে দু'টিতে রয়েছে দ্বিতীয় বিভাগ। উক্ত সহকারি অধ্যাপকের স্ত্রীও এখানে একটি বিভাগের শিক্ষক। এভাবে বাংলা, ইংরেজি, অর্থনীতি, লোকপ্রশাসন, ফলিত গণিত ও কম্পিউটার বিজ্ঞান বিভাগে মোট ৩২ জন শিক্ষককে নিয়োগ দেয়া হয়। অন্যদিকে বিভিন্ন সেকশনে সেকশন অফিসার পদেও জিয়া পরিষদের সদস্য শর্তে নিয়োগ দেয়া হচ্ছে জনসংযোগ কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা, সহকারি ও রেজিস্টার পদে পদোন্নতিও একই শর্তে হয়েছে বলে প্রকাশ। ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে আমানুর আমান।